কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে গোসলে নেমে স্কুলছাত্রীর মৃত্যু

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে গোসল করতে নেমে আন্না খাতুন
(১৩) নামে এক স্কুলছাত্রীর মৃত্যু হয়েছে।

আজ সোমবার সকালে উপজেলার চর গোলাপনগর ভাঙা পাড়ায় এ ঘটনা ঘটে।

আন্না খাতুন উপজেলার চর গোলাপনগর ভাঙা পাড়া গ্রামের মো. আনোয়ার হোসেনের মেয়ে দামুদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির শিক্ষার্থী ছিল।

ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহিরুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে জানান, আন্না খাতুনসহ সমবয়সী তিনজন আজ সকালে বাড়ির পাশে পদ্মা নদীতে গোসল করতে যায়। নদীতে নামার পর হঠাৎ সে পানিতে তলিয়ে যায়। এ সময় তার সঙ্গে থাকা ফাতেমা খাতুন (১২) এগিয়ে যায়। সেও ডুবে যেতে লাগলে তাদের সঙ্গে থাকা সাত বছর বয়সী ইতি খাতুন স্থানীয়দের ডাকাডাকি শুরু করেন। পরে স্থানীয়রা নদীতে নেমে তাদের উদ্ধার করেন। পরবর্তীতে চিকিৎসক আন্না খাতুনকে মৃত ঘোষণা করেন।

কুষ্টিয়ার ভেড়ামারায় ৬ বছরের শিশু ধর্ষন, ধর্ষক আটক

কুষ্টিয়ার ভেড়ামারার পল্লীতে ৬ বছরের এক শিশু ধর্ষনের অভিযোগ পাওয়া গেছে। ধর্ষনের অভিেযোগ আলিফ হোসেন (৩৮) নামে ধর্ষককে আটক করা হয়েছে।

গতকাল বুধবার বিকালে ভেড়ামারা উপজেলার ধরমপুর ইউনিয়নের উত্তর ভবানীপুর খাঁনপাড়া এলাকা থেকে তাকে আটক করে র্যাব সদস্যরা। এরআগে ভেড়ামারা থানায় ১টি ধর্ষন মামলা দায়ের করা হয়।

এলাকাবাসী ও থানা সুত্রে জানা গেছে, ভেড়ামারা উপজেলার ধরমপুর ইউনিয়নের উত্তর ভবানীপুর খাঁনপাড়া এলাকার ভ্যানচালক ছোটন আলী ও একই এলাকার ছামু ন্যাংড়ার ছেলে ধর্ষক আলিফ হোসেনের বাড়ি পাশাপাশি। ৬ বছরের শিশু ধর্ষক আলিফ হোসনের সেলুনের দোকানের সামনে খেলা করছিলো। এসময় ধর্ষক আলিফ হোসেন ৬ বছরের শিশুকে চকলেট দেওয়ার নাম করে তার ঘরের ভিতরে নিয়ে জোরপূর্বক ধর্ষন করে। শিশুটি তার পরিবারকে জানালে তাকে প্রথমে ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। শিশুটির অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া সদর হাসপাতালে রেফার্ড করে।

বর্তমানে শিশুটি কুষ্টিয়া সদর হাসপাতালের ৫ নং ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছে। ধর্ষক আলিফ হোসেন কে র্যাব গ্রেফতার করেছে। ভেড়ামারা থানার অফিসার ইনচার্জ আকিবুল ইসলাম জানান, ধর্ষনের ঘটনায় থানায় ১টি মামলা দায়ের হয়েছে। আসামী আলিফ হোসেনকে গ্রেফতার করা হয়েছে।

কুষ্টিয়ার ভেড়ামারা রক্তাক্ত যুবকের লাশ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারায় তুষার মন্ডল জিম (২৩) নামে এক যুবককে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। আজ মঙ্গলবার সকালের দিকে ভেড়ামারা প্রফেসর পাড়ার রুবেল অটো এর বাড়ীতে এ ঘটনা ঘটে।

নিহত তুষার মন্ডল জিম ভেড়ামারা উপজেলার ফজলু রহমানের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায় আজ সকালের দিকে ভেড়ামারা প্রফেসর পাড়ায় গোলাম মোস্তফা রুবেল বাড়িতে সিঁড়ির কাছে রক্তাক্ত অবস্থায় ওই যুবকের লাশ পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। পরে স্থানীয়রা পুলিশকে খবর দিলে ঘটনাস্থলে পুলিশ এসে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে প্রেরণ করেন।

এ বিষয়ে ভেড়ামারা থানার ওসি রফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন তবে তাকে কে বা কাহারা কি কারণে হত্যা করা হয়েছে এ বিষয়ে বলতে

পারেননি। তদন্ত চলছে তদন্ত করে সব জানানো যাবে বলে তিনি বলেন ।

ভেড়ামারায় পঁচা মরিচে রং দিয়ে মরিচের গুড়া তৈরি,জরিমানা আদায়

কুষ্টিয়ার ভেড়ামারায় পঁচা মরিচের সঙ্গে রং মিশিয়ে গুড়া মরিচ তৈরি ও বাজারজাত করার অপরাধে এক ব্যক্তিকে ৩০ হাজার টাকা জরিমানা করেছেন ভোক্তা সংলক্ষণ অধিদপ্তরের কর্মকর্তারা।

বুধবার (১১ জানুয়ারী) দুপুরে ভেড়ামারা উপজেলার বারোমাইল চাঁদগ্রাম এলাকায় এ অভিযান চালানো হয়।

এ সময় বিপুল পরিমান ভেজাল মরিচের গুড়া জব্দ করা হয়। পাশাপাশি আল-বারাকাহ মসলা ও অয়েল মিল কারখানার মালিককে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, ভেড়ামারা উপজেলার বারোমাইল চাঁদগ্রাম এলাকায় আল-বারাকাহ মসলা ও অয়েল মিল নামে একটি প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে পঁচা মরিচের সঙ্গে রং মিশিয়ে গুঁড়া মরিচ তৈরি ও বাজারজাত করে আসছিল। খবর পেয়ে বুধবার দুপুরের দিকে ওই কারখানায় অভিযান চালায়। এতে বিপুল পরিমান পঁচা মরিচ জব্দ করা হয়। পরে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর (৪৩) ধারায় কারখানার মালিককে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। ভোক্তা-অধিকার নিশ্চিত করতে অভিযান চলমান থাকবে বলেও জানান তিনি।

অভিযানে সার্বিক সহযোগিতা প্রদান করেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন।

এসময় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ার ভেড়ামারায় আ’লীগ নেতাকে পিটিয়ে হত্যা

কুষ্টিয়ার ভেড়ামারায় ইন্তাজ আলী শেখ নামে স্থানীয় এক আওয়ামী লীগ নেতাকে বাড়ির সামনে থেকে ধরে নিয়ে গিয়ে পিটিয়ে হত্যা করেছে প্রতিপক্ষের লোকজন। এ ঘটনায় গুরুতর আহত হয়ে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন ওই আওয়ামী লীগ নেতার ছেলে। রবিবার রাত ১০ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আওয়ামী লীগ নেতা ইন্তাজ আলী শেখের (৪৮) মৃত্যু হয়।

নিহত ইন্তাজ আলী শেখ ধরমপুর ইউনিয়নের মহিষাডোরা গ্রামের মৃত মোন্তাজ আলী শেখের ছেলে। তিনি ভেড়ামারা উপজেলার ধরমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও ধরমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক ইউপি চেয়ারম্যান সাহাবুল আলম লালুর অনুসারী ছিলেন। তিনি স্ত্রী, তিন ছেলে ও দুই মেয়ের জনক। এছাড়াও তিনি ব্যবসার সাথে সম্পৃক্ত ছিলেন।

নিহতের পরিবার ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, গত শনিবার (২২ অক্টোবর) রাত ১০ টার দিকে আওয়ামী লীগ নেতা ইন্তাজ আলী শেখ তার ছেলে শাকিলকে (২৫) সাথে নিয়ে ব্যবসায়িক কাজ শেষে ধরমপুর ইউনিয়নের মহিষাডোরা গ্রামে তার নিজ বাড়িতে ফিরছিলেন। এক পর্যায়ে বাড়ির গেটের সামনে পৌঁছালে একদল দুর্বৃত্ত ইন্তাজ ও তার ছেলে শাকিলকে ধরে হাতুড়ি, রড, লাঠিসোঁটা দিয়ে মারপিট করতে করতে রাস্তায় নিয়ে আসে এবং সেখানেও তাদেরকে বেধড়ক মারপিট করে। এক সময় তারা নিস্তেজ হয়ে মাটিতে লুটিয়ে পড়লে মৃত ভেবে দুর্বৃত্তরা তাদের সেখানে ফেলে রেখে পালিয়ে যায়।

আশঙ্কাকাজনক অবস্থায় পরিবারের লোকজন ও স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে প্রথমে ২৫০ শয্যা বিশিষ্ট কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পরবর্তীতে অবস্থার অবণতি হলে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রবিবার রাত ১০টার দিকে ইন্তাজ আলী শেখের মৃত্যু হয়।

ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা

ইন্তাজ আলী শেখ নিহত হওয়ার বিষয়টি নিশ্চিত করে জানান, শনিবার আওয়ামী লীগ নেতা ইন্তাজ আলী শেখ ও তার ছেলেকে মারপিটের ঘটনায় পরের দিন ১৭ জনকে আসামি করে ভেড়ামারা থানায় একটি মামলা দায়ের হয়। ইন্তাজ আলীর ভাই রবিউল ইসলাম বাদি হয়ে মামলাটি দায়ের করেন। এখন ইন্তাজ আলী শেখ নিহত হওয়ায় নতুন করে হত্যা মামলা দায়ের হবে। কারা কী উদ্দেশ্য এই হামলা ও হত্যাকাণ্ড ঘটিয়েছে মোটিভ এখনো স্পষ্ট নয়। পুলিশ তদন্ত শুরু করেছে। আশা করছি, খুব শীঘ্রই হত্যাকাণ্ডের মোটিভ উদ্ধার এবং হত্যাকারীদের গ্রেফতার করা সম্ভব হবে।

তবে পুলিশ পূর্বের মারপিট ও নিহতের ঘটনায় এখনো পর্যন্ত কাউকে আটক বা গ্রেফতার করতে পারেনি।

হত্যাকাণ্ড প্রসঙ্গে ধরমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক ইউপি চেয়ারম্যান সাহাবুল আলম লালু জানান, বিভিন্ন দল থেকে বহিরাগতদের আওয়ামী লীগ ও যুবলীগে ভেড়াচ্ছেন উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আজিজ। তিনি দাবি করেন, যুবলীগ নেতা আব্দুল আজিজের শেল্টারে থাকা দলের মধ্যে অনুপ্রবেশকারীরাই ইন্তাজ আলী শেখের মতো ত্যাগী ও নিবেদিতপ্রাণ আওয়ামী লীগ নেতাকে পরিকল্পিতভাবে হত্যা করেছে।

তিনি আরও বলেন, আওয়ামী লীগ নেতা-কর্মী এমনকি গোটা ইউনিয়নবাসী এই অনুপ্রবেশকারীদের নিয়ে আতংকিত এবং চরম নিরাপত্তাহীনতায় ভুগছে। আমরা অবিলম্বে আওয়ামী লীগ নেতা ইন্তাজ আলী শেখের হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি।

স্থানীয় আওয়ামী লীগ নেতা-কর্মী ও এলাকাবাসীর সাথে কথা বলে জানা গেছে, ইন্তাজ আলী শেখ কিছু দিন আগে অনুষ্ঠিত ধরমপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ থেকে দলীয় মনোনয়ন পাওয়া চেয়ারম্যান প্রার্থী সাহাবুল আলম লালুর পক্ষে নির্বাচনী প্রচার-প্রচারণায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। লালু এই ইউনিয়নের পর পর দুই বার নির্বাচিত চেয়ারম্যান ছিলেন। কিন্তু ওই নির্বাচনে সাহাবুল আলম লালু মাত্র ৫০০ ভোটের ব্যবধানে উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আজিজের ভাই শামসুল হকের কাছে পরাজিত হন। নির্বাচনে সাহাবুল আলম লালুর পক্ষে সক্রিয় অংশগ্রহণ করা নিয়ে প্রতিপক্ষের বিরাগভাজন ছিলেন ইন্তাজ আলী শেখ।

এছাড়াও বাড়ির সামনের একটি জায়গার দখল নিয়েও ইন্তাজ আলী শেখের সাথে কয়েক জনের বিরোধ চলে আসছিল। ইন্তাজ আলী শেখ দীর্ঘদিন ধরে

চেষ্টার পরও ওই জমির দখল পাচ্ছিলেন না। এসব ঘটনাকে কেন্দ্র করে এ হত্যাকাণ্ড ঘটে থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে।

কুষ্টিয়ার ভেড়ামারায় মাদক ব্যবসায়ীকে ১০ বছরের কারাদন্ড

কুষ্টিয়ার ভেড়ামারায় ১০০ বোতল ফেন্সিডিল বিক্রয়ের অভিযোগে জিয়া
(৩৫) নামে একজনকে ১০ বছর সশ্রম কারাদন্ডের আদেশ দিয়েছেন আদালত।

রবিবার দুপুরে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ অতিরিক্ত আদালত-১ এর বিচারক তাজুল ইসলাম জনাকীর্ন আদালতে আসামীর উপস্থিতিতে এই রায় ঘেষনা করেন।

দন্ডপ্রাপ্ত হলো- ভেড়ামারা উপজেলার ভবানীপুর বিলসুকা গ্রামের বাসিন্দা মৃত শামছুদ্দিনের ছেলে জিয়া। রাষ্ট্রপক্ষের কৌঁসুলি (পিপি) এ্যাড. অনুপ কুমার নন্দী বিষয়টি নিশ্চিত করেছেন।

আদালত সূত্রে জানা যায়, ২০১৯ সালের ১৩ নভেম্বর দুপুরে ভেড়ামারা থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে ভেড়ামারা টু কুষ্টিয়া মহাসড়ক সংলগ্ন বারমাইলস্থ জনৈক সালাউদ্দিন মিন্টু এর সোনার বাংলা হোটেলের সামনে জিয়া মাদকদ্রব্য বিক্রয় করার সময়ে তাকে ১০০ বোতল ফেন্সিডিলসহ আটক করে ভেড়ামারা থানা পুলিশ। পরে ভেড়ামারা থানায় পুলিশ বাদী হয়ে আটকৃত জিয়ার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেন।

মামলাটি তদন্ত শেষে ২০১৯ সালের ২৭ ডিসেম্বর মামলা তদন্তকারী কর্মকর্তা ভেড়ামারা থানার পুলিশ পরিদর্শক মোঃ মমিনুল ইসলাম ১জনের বিরুদ্ধে অভিযোগ এনে চার্জশীট দাখিল করেন আদালতে।

কুষ্টিয়া ভেড়ামারা ইউএনও’র সাঁড়াশি অভিযানে অর্থদন্ড

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দোকান মালিক, মহিলা ক্রেতা সহ বিভিন্ন জনকে ৫৩ হাজার টাকা অর্থদন্ড করা হয়েছে।

করোনা ভাইরাস মোকাবিলায় মানুষকে নিরাপদ রাখতে গতকাল মঙ্গলবার ভেড়ামারা বাজারে উপজেলার সুযোগ্য নির্বাহী অফিসার সোহেল মারুফ এই অভিযান পরিচালনা করেন।

দোকানের শাটার তালাবদ্ধ অবস্থায় অনেক ক্রেতাকে দেখা যায় যার বেশিরভাগ মহিলা। এমতাবস্থায় ১৫ জন মহিলাকে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ৮ হাজার টাকা, একই আইনে বৃষ্টি সু প্যালেস দোকানকে ৩০ হাজার টাকা ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ মোতাবেক ২ টি দোকানকে ১৫ হাজার টাকা অর্থদণ্ড করেন।

এ সময় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়ার সহকারী পরিচালক ও ভেড়ামারা থানা পু্লশি উপস্থিত ছিলেন।

এছাড়াও জেলার বিভিন্ন উপজেলায় ৪৫টি মামলায় ৮০ হাজার টাকা জরিমানা আদায় করেছে প্রশাসন।